১১ নভেম্বর, ২০২৫

# প্রাথমিক শিক্ষকদের আন্দোলন স্থগিত, ১১তম গ্রেড বেতনের আশ্বাস



সংগৃহীত ছবি

রাজধানীর কেন্দ্রীয় শহীদ মিনারে অবস্থান কর্মসূচি ও কর্মবিরতির মধ্য দিয়ে দাবি জানানো সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকরা ১১তম গ্রেডে বেতন নিশ্চিত হওয়ায় তাদের আন্দোলন স্থগিত রাখার সিদ্ধান্ত নিয়েছেন।

সোমবার (১০ নভেম্বর) সন্ধ্যায় সচিবালয়ে অর্থ মন্ত্রণালয় ও প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সঙ্গে আলোচনা শেষে এ ঘোষণা দেন 'প্রাথমিক শিক্ষক দাবি বাস্তবায়ন পরিষদের আহ্বায়ক ও বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি (শাহিন-লিপি)'র সাধারণ সম্পাদক খায়রুন নাহার লিপি।

খায়রুন নাহার লিপি বলেন, "আমাদের মূল দাবি দশম গ্রেড। এটি নিয়ে আমরা সচেতন থাকব। তবে প্রধান শিক্ষকদের ১০ম গ্রেড পাওয়ার পর, সহকারী শিক্ষকদের জন্য ১১তম গ্রেড দেওয়া যৌক্তিক। অর্থ ও প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ১১তম গ্রেড দ্রুত পে-কমিশনে প্রেরণ করার আশ্বাস দিয়েছেন। এরপর পে-কমিশন দ্রুত অর্থ মন্ত্রণালয়ে পাঠাবে এবং প্রাথমিক শিক্ষকদের ১১তম গ্রেডে উন্নীত করা হবে।"

LENS ASIA

তিনি আরও উল্লেখ করেন, "এটি প্রাথমিক শিক্ষকদের জন্য যুগান্তকারী অর্জন। আমরা ১২তম গ্রেড নিয়ে উৎকণ্ঠায় ছিলাম, কিন্তু এখন ১১তম গ্রেড নিশ্চিত হওয়ায় দীর্ঘদিনের দাবি পূরণ হয়েছে।"